

স্মারক নং- ৩২.০১.৩২০০.০০১.২৫.১৪০.২০.৩৬১

তারিখ : ২১ সেপ্টেম্বর ২০২০খ্রিঃ

**ভর্তি বিজ্ঞপ্তি**


উপ-পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্দা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২০-২০২১ অর্থ বছরের আধুনিক দর্জি বিজ্ঞান ও এমব্রয়ডারী, বিউটিফিকেশন, শো-পিচ তৈরি, কারচুপি ও মোমবাতি তৈরি ও ব্লকবাটিক ট্রেডে মোট ১০০ (একশত) জন প্রশিক্ষণার্থীকে অক্টোবর-২০ থেকে ডিসেম্বর-২০ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী প্রতি ট্রেডে ২০ জন প্রশিক্ষণার্থী ২টি ব্যাচে (সকাল এবং বিকাল) তিন ঘন্টা করে স্বাস্থ্য বিধি মেনে নিরাপদ দূরত্ব বজায় রেখে প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ভর্তি করা হবে। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক অগ্রাহী মহিলাদের নিকট হতে নির্ধারিত আবেদন পত্রে উপ-পরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্দা বরাবর আহবান করা যাচ্ছে। আবেদন পত্রে নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, বৈবাহিক অবস্থা, মোবাইল নম্বর, ছোট সন্তানের বয়স, নিজস্ব বসত বাড়ীতে জমি আছে কিনা, পূর্বে এ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করছেন কিনা উল্লেখ থাকতে হবে। আবেদন পত্রের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি (সত্যায়িত), জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদের ফটো কপি (সত্যায়িত), শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

**উল্লেখ্য যে, জুন ২০২০ খ্রিঃ যারা আবেদনপত্র জমা করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই এবং যারা আবেদন পত্র গ্রহণ করেছেন কিন্তু জমা প্রদান করেন নাই তারা পূর্বের আবেদনপত্র জমা প্রদান করতে পারবেন।**

শর্তাবলী সমূহ :

- ০১। প্রার্থীর বয়স (১৮-৪৫) বছরের মধ্যে হতে হবে। শারিরিক ভাবে প্রশিক্ষণ গ্রহণে সক্ষম হতে হবে।
- ০২। আয় বৃদ্ধি মূলক প্রশিক্ষণে অংশ গ্রহনে যোগ্যতা থাকতে হবে।
- ০৩। নিম্ন আয়ভুক্ত পরিবারের মহিলারা অগ্রাধিকার পাবেন।
- ০৪। পরিবার প্রধান দুঃস্থ মহিলা, তালুক প্রাপ্ত/ বিধবা/ স্বামী পরিত্যক্তা অথবা যার স্বামী কর্মে অক্ষম/অবিবাহিত সহায় সম্বলহীন মহিলারা অগ্রাধিকার পাবেন।
- ০৫। নির্বাচিত মহিলার পরিবার হতে প্রশিক্ষণ গ্রহণে যথাযথ সম্মতি থাকতে হবে।
- ০৬। প্রশিক্ষণার্থীকে গ্রুপে কাজ করার ইচ্ছা থাকতে হবে।
- ০৭। শিক্ষাগত যোগ্যতা সর্ব নিম্ন ৫ম শ্রেণী পাশ হতে হবে।
- ০৮। অনিয়ম/অসদাচরণের জন্য কোন প্রশিক্ষণার্থীকে একবার বহিস্কার করা হলে তাঁকে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহন করতে দেওয়া হবে না। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৯। সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারি প্রশিক্ষণার্থীকে সনদপত্র দেয়া হবে।
- ১০। প্রশিক্ষণার্থীকে কার্যালয়ের নির্দেশক্রমে সরকারী বিভিন্ন কর্মকাণ্ডে আবশ্যিক ভাবে ( সরকারি/জাতীয় দিবস সমূহ/সমাবেশ, সরকারি অনুষ্ঠান ইত্যাদি) অংশ গ্রহণ করতে হবে।
- ১১। ভর্তির ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১ সেপ্টেম্বর ২০২০খ্রিঃ থেকে ২৭ সেপ্টেম্বর ২০২০খ্রিঃ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সকাল ০৯-০০ ঘটিকা হতে বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদন পত্র প্রদান ও গ্রহণ করা হবে। ২৮ সেপ্টেম্বর ২০২০খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রার্থীদের স্বাক্ষাৎকার গ্রহণ করা হবে। স্বাক্ষাৎকারে অংশ গ্রহণের সময় সংযুক্ত কাগজপত্রাদির মূল কপি সংগে আনতে হবে। স্বাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

  
(নাগিস জহাইম)

উপ-পরিচালক

মহিলা বিষয়ক অধিদপ্তর

গাইবান্দা।

ফোন: ০৫৪১-৫১৭৩৩।

E-mail : gaibandhadwao@gmail.com

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২. জেলা প্রশাসক, গাইবান্দা।
০৩. চেয়ারম্যান, জেলা পরিষদ, গাইবান্দা।
০৪. পুলিশ সুপার, গাইবান্দা।
০৫. সিভিল সার্জন, গাইবান্দা।
০৬. মেয়র, গাইবান্দা পৌরসভা, গাইবান্দা।
০৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্দা সদর, গাইবান্দা।
০৮. উপ-পরিচালক, -----, গাইবান্দা।
০৯. উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্দা সদর, গাইবান্দা।
১০. জেলা ----- অফিসার, গাইবান্দা।
১১. জেলা তথ্য অফিসার, গাইবান্দা (বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১২. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্দা সদর, গাইবান্দা।
১৩. ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গাইবান্দা সদর, গাইবান্দা।
১৪. চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, গাইবান্দা।
১৫. সি.এ.টু, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাইবান্দা (অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬. এনজিও প্রধান/ নির্বাহী পরিচালক, ----- (এনজিও সকল), গাইবান্দা।
১৭. অত্র দপ্তরের নোটিশ বোর্ড।
১৮. অফিস কপি।

বিঃদ্র: বিজ্ঞপ্তিটি ক্রমিক নং ০৯-১৪, ১৬ পর্যন্ত নিজ নিজ দপ্তরের নোটিশ বোর্ডে লাগানোর জন্য বিনীত অনুরোধ করা হলো।